

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২১৫

আগরতলা, ২৬ এপ্রিল, ২০২৪

সাংবাদিক সম্মেলনে মুখ্য নির্বাচন আধিকারিক  
২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রে রাত ৮টা  
পর্যন্ত পাওয়া তথ্য অনুযায়ী ৮০.৩২ শতাংশ ভোট পড়েছে



২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রে রাত ৮টা পর্যন্ত পাওয়া সর্বশেষ তথ্য অনুযায়ী ৮০.৩২ শতাংশ ভোট পড়েছে। কিছু কিছু ভোটগ্রহণ কেন্দ্রে এখনও ভোটগ্রহণ চলছে। আজ পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল একথা জানান। প্রথম পর্যায়ে মতো দ্বিতীয় পর্যায়েও আজ ভোটারগণ শান্তিপূর্ণভাবে ভয়মুক্ত পরিবেশে তাদের ভোটাধিকার প্রয়োগ করায় মুখ্য নির্বাচন আধিকারিক ভোটারদের ধন্যবাদ জানান।

সাংবাদিক সম্মেলনে মুখ্য নির্বাচন আধিকারিক নির্বাচনে সহযোগিতা করার জন্য বিভিন্ন রাজনৈতিক দল, প্রার্থীগণ ও সংবাদমাধ্যমকে ধন্যবাদ জানান। তিনি বলেন, সবার সহযোগিতার জন্যই গত ১৯ এপ্রিল প্রথম পর্যায়ে এবং আজ দ্বিতীয় পর্যায়েও হিংসামুক্ত পরিবেশে ভোটগ্রহণ করা সম্ভব হয়েছে। আগামী ৪ জুন, ২০২৪ রাজ্যের ২০টি গণনা কেন্দ্রে ২টি সংসদীয় ক্ষেত্রের ভোটগণনা করা হবে।

\*\*\*\*\*